গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত পরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রংপুর অঞ্চল, রংপুর।

কৃষিই সমৃদ্ধি

নং-১২.১৬.৮৫০০.০৩৯.০৪.০৩৯.১৩/ ৮১১

তারিখ ঃ- ২৭/০৩/১৯খ্রি.

## প্র জ্ঞা প ন

যেহেতু জনাব বিপ্লব কুমার সরকার, উপসহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, সদর, কুড়িগ্রাম গত ১৩/০৫/২০১৮ খ্রি. তারিখ হতে অদ্যাবধি উদ্ধর্তন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে বিভাগীয় মামলা রুজ্জু করে আপনাকে অভিযোগনামা (প্রথম ও দ্বিতীয় এবং তৃতীয় কারণ দর্শানোর নোটিশ) প্রদান করা হয়। কিন্তু আপনি জনাব বিপ্লব কুমার সরকার, উপসহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, সদর, কুড়িগ্রাম অদ্যাবধি কোন জবাব দাখিল করেন নাই এবং কর্মস্থলে যোগদান করেন নাই। ইতোপূর্বে আপনার বিরুদ্ধে উপজেলা কৃষি অফিসার, সদর, কুড়িগ্রাম ২০/০৫/২০১৮ খ্রি. তারিখ হতে ০৭(সাত)টি পত্রের মাধ্যমে কৈফিয়ত তলব করে পত্র প্রেরণ করেন। পরবর্তীতে উপজেলা কৃষি অফিসার, সদর, কুড়িগ্রাম অতিরিক্ত কৃষি অফিসার জনাব মারুফা ইফতেখার সিদ্দিকা এর মাধ্যমে আপনার কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে তদন্ত করেন। তদন্ত প্রতিবেদনে দেখা যায় আপনি বর্তমানে কোথায় অবস্থান করছেন তার সুস্পষ্ট কোন তথ্য পাওয়া যায় নাই। উদ্ধর্তন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি যা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধির পরিপন্থী।

যেহেতু, আপনি জনাব বিপ্লব কুমার সরকার, উপসহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, সদর, কুড়িগ্রাম। আপনার উদ্ধর্তন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুড়িগ্রাম দপ্তর স্মারক নং-১৮২০(৫), তারিখ-১৭/১২/২০১৮ খ্রি. মোতাবেক ০২ (দুই) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেন। তদন্ত কমিটি আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তদন্ত করে তদন্ত প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র দপ্তরে প্রেরণ করেন। উক্ত দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে সন্দেহাতিতভাবে প্রতিয়মান হয় যে আপনি জনাব বিপ্লব কুমার সরকার, উপসহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, সদর, কুড়িগ্রাম উদ্ধর্তন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে দেশ ত্যাগ করেছেন এবং বর্তমানে আপনি বিদেশে অবস্থান করছেন। বিনাঅনুমতিতে বিদেশে অবস্থান এবং অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির কারনে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি -৩(বি) ও ৩(সি) অনুযায়ী যথাক্রমে অসদাচরন ও ডিজারশন এর অভিযোগে অভিযুক্ত করে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজ্জু করা হয়।

যেহেতু আপনি জনাব বিপ্লব কুমার সরকার, উপসহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, সদর, কুড়িগ্রাম আপনার বিরুদ্ধে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির জন্য সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি -৪(৩)(সি) অনুযায়ী অসদাচরন ও ডিজারশন এর অভিযোগে বিভাগীয় মামলার রুজ্জু পূর্বক ১ম, ২য় ও ৩য় কারণ দর্শানো নোটিশ জারী করা হয়। অদ্যবধি উল্লিখিত কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান ও কর্মস্থলে যোগদান কিংবা ব্যক্তিগত শুনানীর জন্যও উপস্থিত হননি।

যেহেতু আপনি অভিযুক্ত কর্মকর্তা হয়ে উল্লিখিত কারণ দর্শানোর নোটিশের কোন জবাব প্রদান করেননি এবং অদ্যাবধি কর্মস্থলে যোগদানও করেননি সেহেতু নিম্নস্বাক্ষরকারী নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩)(সি) অনুযায়ী গুরুদন্ড [চাকরি হতে অপসারণ (Removal from Service)] আরোপের সিদ্ধান্ত গ্রহণ করেন।

যেহেতু জনাব বিপ্লব কুমার সরকার, উপসহকারী কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, সদর, কুড়িগ্রাম এর বিরুদ্ধে প্রণীত অভিযোগ নামা/অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদন ও প্রাপ্ত অন্যান্য তথ্যাদি পর্যালোচনার পরিপ্রেক্ষিতে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) এবং ৩(সি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ ও "ডিজারশন" এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪(৩)(সি) অনুযায়ী বিনানুমতিতে অনুপস্থিতির তারিখ অর্থাৎ গত ১৩/০৫/২০১৮ খ্রি তারিখ হতে [চাকরি হতে অপসারণ (Removal from Service)] গুরুদন্ড প্রদান করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারী করা হ'ল।

**প্রাপক**
জনাব বিপ্লব কুমার সরকার
উপসহকারী কৃষি কর্মকর্তা
উপজেলা কৃষি অফিস, সদর, কুড়িগ্রাম

স্বাক্ষরিত/-মোহাম্মদ আলী
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রংপুর অঞ্চল, রংপুর

**স্থায়ী ঠিকানা ঃ**
জনাব বিপ্লব কুমার সরকার,
পিতা- ভদ্রমোহন সরকার
গ্রাম- শিবনাথের বশ, ডাক - শালমারা
উপজেলা- নাগেশ্বরী, জেলা-কুড়িগ্রাম।

স্মারক নং-১২.১৬.৮৫০০.০৩৯.০৪.০৩৯.১৩/ ৮১১/১(৭) তারিখঃ- ২৭/৫/১৯ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
দৃষ্টি আকর্ষণ ঃ উপপরিচালক (লিগ্যাল ও সার্পোর্ট সার্ভিসেস), প্রশাসন ও অর্থ উইং, ডিএই, খামারবাড়ী, ঢাকা-১২১৫।
২. উপপরিচালক (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট,ঢাকা। উক্ত কর্মকর্তার চাকুরি হতে বরখাস্ত (Removal from Service) দন্ড প্রদানপত্রটি ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৩. প্রধান হিসাব রক্ষণ অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুড়িগ্রাম।
৫. জেলা হিসাবরক্ষণ অফিসার, কুড়িগ্রাম।
৬. উপজেলা কৃষি অফিসার, সদর, কুড়িগ্রাম।

(মোহাম্মদ আলী)
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রংপুর অঞ্চল, রংপুর
ফোন/-০৫২১-৬২১৭৬
ই-মেইল- adaerang@gmail.com